গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

মুজিব বর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৬৩.২১- 606 তারিখঃ ০৩ জুলাই ২০২২

বিষয়ঃ 'সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)' নামীয় সংস্থার বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে জরুরী ত্রাণ (এফডি-৭) শীর্ষক কার্যক্রম পরিচালনার অনুমোদনসহ অর্থ গ্রহণ ও ব্যয়ের অনুমতি।

সূত্রঃ সংস্থার ২৬/০৬/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সংস্থার আবেদনের প্রেক্ষিতে ৩০/০৬/২০২২ হতে ২৪/১২/২০২২ পর্যন্ত সময়ে কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে "Ride Out From Appetence" শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য=৩,০৭,৪৫,০০০/-(তিন কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা নিম্নোক্ত শর্তে গ্রহণ ও ব্যয়ের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তঃ

(ক) অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়ে সংশ্লিষ্ট এনজিও কে জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট রিপোর্ট করতে হবে। প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এর কপি আবশ্যিকভাবে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক কক্সবাজার, বরাবর দাখিল করতে হবে। জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে ও নির্দেশনামতে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

(খ) প্রকল্পভুক্ত কর্মীদের নামের তালিকা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। এর অতিরিক্ত কোনো কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।

(গ) কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বেচ্ছাসেবকদেরকে এনজিও' কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ঘ) শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তি স্বীকারপত্র ১৫ (পনের) দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।

(ঙ) কর্মসূচি বাস্তবায়নে ১৫ (পনের ) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন, স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।

(চ) চিকিৎসা ও জরুরী সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোন এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবেনা।

(ছ) এনজিওদের কার্যক্রম মানবিক সহায়তার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।

(জ) সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারী প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কর্মকান্ডে জড়িত হতে পারবে না।

(ঝ) প্রকল্প ব্যয়ের উপর জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে সরকারি কোষাগারে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে ।

(ঞ) জেলা প্রশাসন, কক্সবাজার এবং শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কর্তৃক প্রণয়নকৃত চাহিদাপত্রের আলোকে জরুরি ত্রাণ প্রকল্পের পণ্য/সেবা সামগ্রী উল্লেখপূর্বক তালিকা অনুযায়ী প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।

(ট) জরুরী ত্রাণ প্রকল্পে কর্মী বা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে যথাসম্ভব বাংলাদেশী নাগরিকদের অগ্রাধিকার দিতে হবে। কোন অবস্থাতেই রোহিঙ্গা নাগরিকদের নিয়োগ করা যাবে না।

(ঠ) সংস্থার ব্যাংকের মাদার একাউন্টে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত অর্থ ব্যতীত অন্য কোন সংস্থার অর্থ কোন ভাবেই জমা রাখা যাবে না।

(ড) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশের জন্য ঝুঁকিপূর্ণ (যেমন-বৃক্ষনিধন/ পুকুর/ খালভরাট) কোনরূপ কাজ করা যাবে না।

(ঢ) জরুরী ত্রাণ কর্মসূচিতে যে কোন মেরামত / সংস্কার কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব দাখিলের পূর্বে জেলা প্রশাসন/ শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

(ণ) প্রকল্পের তথ্য সংস্থার Website এ প্রকাশ করতে হবে।

০২। ছাড়কৃত অর্থ দাতা সংস্থা 'Rahman International Society-Kuwait'-এর নিকট হতে এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা, হিসাব নং-০১৫১৩১০০০৩১৬৯৯-(মাদার একাউন্ট)-এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে।

06/07/2022
সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৩৯২
ao4@ngoab.gov.bd

কান্ট্রি ডিরেক্টর
সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)
বাড়ি নং-২৪ (২য় তলা), সড়ক-১০, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৬৩.২১- তারিখঃ ১৩ এপ্রিল ২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।

০৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।

০৫। জেলা প্রশাসক, কক্সবাজার (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে প্রেরণ করে সংস্থাকে অনুলিপি দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।

০৬। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

০৭। উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।

০৮। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।

০৯। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্টদের নিকট ই-মেইলে প্রেরণসহ তথ্য Website এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

১০। ম্যানেজার, এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা [তাঁকে ছাড়কৃত=৩,০৭,৪৫,০০০/-(তিন কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা সংস্থাকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো]।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। পরিচালক মহোদয়ের (প্র-২) ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অফিস কপি/ মাস্টার কপি।

সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার

## ফরম এফ ডি-৭

বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের দুর্ভোগ লাঘবের জন্য "Ride Out From Appetence" শীর্ষক জরুরী ত্রাণ কার্যক্রম (কক্সবাজারস্থ ক্যাম্পে)।

১. এনজিওর নাম ঃ **সোসাইটি ফর সোস্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)**

২. বিতরণের জন্য প্রস্তাবিত ত্রাণ সামগ্রীর বর্ণনা (আনুমানিক মূল্যসহ) ঃ

(টাকায়/হাজার)

| নং | দ্রব্যাদী/ বর্ণনা | একক বর্ণনা | পরিমাণ | মাস | একক মূল্য | মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | আরআরআরসি নির্দেশনা অনুযায়ী (নকশা) বর্ষা মৌসুমকে সামনে রেখে কাঠ, বাঁশ, বাঁশের বেড়া ও ইটের সলিং,নতুন ঘর নির্মান (১২ফুট বাই ১৫ফুট আয়তনের) | সংখ্যা | ৩০০টি | ০৬ | ৫৪,০০০/- | ১,৬২,০০,০০০/- |
| ২. | পরিবার পরিকল্পনা ও জন্মনিয়ন্ত্রন পদ্ধতি সম্পর্কে সম্যক ধারনা, উপযোগীতা ও প্রায়োগিক ব্যবহার, প্রচারনা সহ ক্যাম্পে আগত শিশু, গর্ভবতী মায়েদের ও নবজাতকদের জন্য ক্যাম্পে গিয়ে বিনামূল্যে/ফ্রি মেডিসিন, ভ্যাকসিন ,প্রাথমিক ও জরুরী ( ইমার্জেন্সী) সেবা প্রদান। এ পর্যায়ে ০৩ (তিন) দিন করে ০২ টি ক্যাম্প পরিচালনা করার পরিকল্পনা অর্ন্তভূক্ত করা হয়েছে। | সংখ্যা | ০৪টি - (৮০০০ রোগী) | ০৬ | ৩০০/- | ২৪,০০,০০০/- |
| ৩. | আরআরআরসি নির্দেশনা অনুযায়ী শুধুমাত্র মহিলাদের জন্যে নির্মিত সেলাই প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ পরিচালনা ব্যয় ১০০ জন মহিলার খাতা, কলম,সুতা, প্রয়োজনীয় কাপড় সহ, ০২জন প্রশিক্ষক, ০১ জনসুপারভাইজার, ১জন প্রহরীর বেতন ও অন্যান্য আনুযাঙ্গিক ব্যয় । (আরআরআরসি নির্দেশনা অনুযায়ী) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরন । | প্রশিক্ষণ, পরিচালনা ব্যয় ও সেলাই মেশিন মূল্য সহ | ০৫ ব্যাচ (১০০ প্রশিক্ষণার্থী) | ০৬ | ৪,৫০,০০০/- | ২২,৫০,০০০/- |
| ৪. | ক্যাম্পের বিভিন্ন পয়েন্টে উপকারভোগীদের সুবিধার্থে ক্যাম্প ইনচার্জদের নির্দেশিত স্থানে কুরবানী বাস্তবায়ন ও মাংস বিতরন । গরু ক্রয় ও আনুষাঙ্গিক চাটাই/পলিথিন সহ কুরবানীর দিন অন্যান্য খরচ। কসাই,সাপোর্ট লেবার ও বর্জ্য অপসারন ব্যয়। (প্রশাসন নির্ধারীত ক্যাম্পের বিভিন্ন স্থানে) | পরিবার প্রতি | ১৫০টি গরু | ০১ মাস | ৬২,০০০/- | ৯৩,০০,০০০/- |
| | প্রাক মোট | | | | | ৩,০১,৫০,০০০/- |
| | লেবার / জনবল ব্যয়/ডাঃ ও কনসালটেন্ট ফি/অন্যান্য ফি | | | | | ৬৫,০০০/- |
| | ফিল্ড ফেসিলেটর,ফিল্ড সুপারভাইজার,ভলান্টিয়ার সম্মানী | | | | | ৭৫,০০০/- |
| | ব্যানার, রিপোর্টিং,প্রশাসনিক ব্যয়,স্টেশনারী ইত্যাদি | | | | | ৮৫,০০০/- |
| | মনিটরিং ও যাতায়াত এবং পরিবহন ব্যয় | | | | | ২,৫০,০০০/- |
| | অডিট ফি ,ভ্যাট ও আইটি সহ | | | | | ১,২০,০০০/- |
| | প্রাক -মোট | | | | | ৫,৯৫,০০০/- |
| | সর্বমোট | | | | | ৩,০৭,৪৫,০০০/- |

ড. সাঈদ সাবরী রাগব আলী
কান্ট্রি ডিরেক্টর

03/07/2022
মোঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

০৬/০৭/২০২২
সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার-৮

৩. অর্থ বা ত্রাণ-সামগ্রীর উৎস ঃ

ক. বৈদেশিক অনুদানের ক্ষেত্রে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করুন

অ. দাতা সংস্থার বার্তা/ প্রতিশ্রুতিপত্র - সংযুক্ত করা হলো।

আ. দাতা সংস্থার বিবরণ

- প্রধান নির্বাহী কর্মকর্তা/দাতার নাম - Mr. J.E.J.Al Qassar. Regional Director.
- দাতাসংস্থার নাম : **RAHMA INTERNATIONAL SOCIETY -KUWAIT**
- যোগাযোগের ঠিকানা ঃ
  - **RAHMA INTERNATIONAL SOCIETY.**
    **হাওয়ালী সেক্টর # ৩, কায়রো স্ট্রীট,সানাবেল কমপ্লেক্স, ফ্রন্ট অব শিহাব সেক্টর, ৮ম তলা, পোঃ বক্সঃ ৬৬৭২৩,পো.কোডঃ ৪৩৭৫৮, কুয়েত।**
- টেলিফোন ও ফ্যাক্সঃ **0096 52 26 75 600**
- ইমেইল এবং ওয়েব সাইট ঃ www.khaironline.net / **aas95kw@gmail.com**
- মানিলন্ডারিং এবং সন্ত্রাসের অর্থায়ন প্রতিরোধের নিমিত্ত United Security Councils Resulation (UNSCR) কর্তৃক প্রকাশিত তালিকার সঙ্গে দাতা সংস্থার /ব্যক্তির তথ্য যাচাই করা হয়েছে কিনা?
  - হয়েছে।
- উক্ত তালিকাভূক্ত সংস্থার /ব্যক্তির সাথে দাতা সংস্থার সংশ্লিষ্টতা আছে কি না?
  - নেই

ক. বৈদেশিক অনুদানের ক্ষেত্রে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করুন

অ. চলমান প্রকল্পের নাম এবং মোট ব্যয়
Assiduousness for Socio-Economic Advancement (ASEA) (January 2021 to December 2025)
৩৪৬,৭৪,৮৭,৫৩১/-(তিনশত ছেচল্লিশ কোটি চুয়াত্তর লক্ষ সাতাশি হাজার পাঁচশত একত্রিশ টাকা)

আ. সরকারী অনুমোদনের তারিখ (অনুমোদন পত্র সংযুক্ত করুন)
স্মারক নং ০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.১৪১.২১.৮৭৫ তারিখ: ১৯/০৭/২০২১ইং
অনুমোদন পত্র সংযুক্ত করা হলো।

ই. কেটে আনা অর্থের অংশবিশেষ দ্বারা এ কর্মসূচি গ্রহণ করলে চলমান প্রকল্পের উপর কি প্রভাব ফেলবে ঃ
প্রযোজ্য নহে।

ঈ. কেটে আনা অর্থের বিষয়ে চলমান প্রকল্পের দাতার সাথে কি আলোচনা হয়েছে? যদি হয় তাহলে দাতার বক্তব্য/সম্মতি দাখিল করুন ঃ প্রযোজ্য নহে।

৪. প্রকল্প এলাকাঃ

| ক্রমিক নং | জেলা | উপজেলা | ইউনিয়ন | | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | কক্সবাজার | উখিয়া | বালুখালী ও কুতুপালং অস্থায়ী ক্যাম্প | ক্যাম্প -৪<br>ক্যাম্প -৩<br>ক্যাম্প -১৫,১৮ | ১৬,৫০০ জন |

টীকা ঃ স্থানীয় কর্তৃপক্ষ/ জেলা প্রশাসক সুষ্ঠু সমন্বয় ও সুষমবন্টনের স্বার্থে প্রকল্প এলাকা পরিবর্তন করার ক্ষমতা রাখে।

**ড. সাঈদ সাবরী রাগব আলী**
**কান্ট্রি ডিরেক্টর**

০১/০৭/২০২২
মোঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

০১/০৭/২০২২
সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার-২

৫. ত্রাণ কার্যক্রম কিভাবে বাস্তবায়িত হবে তার বিবরণ দিন। (এটি যতদূর সম্ভব সুস্পষ্ট করুন যাতে কর্তৃপক্ষ যখন প্রয়োজন করে তখন তদারকি/পরিবীক্ষণ করতে পারে)। সংলগ্নী - ক - তে রক্ষিত ছকের মাধ্যমে এনজিওগুলো আবশ্যিকভাবে সচিব, ত্রাণ ও খাদ্য বিভাগ, বাংলাদেশ সচিবালয়, মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো,মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে সাপ্তাহিক অগ্রগতি জ্ঞাপন করবে।

- জেলা প্রশাসন, কক্সবাজার এর নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্থ বলপূর্বক বিতাড়িত মিয়ানমান নাগরিকদের মধ্যে রিলিফ কার্ড বিতরনের মাধ্যমে কাছাকছি সরকার নির্ধারীত ক্যাম্পে ইউএনও/ক্যাম্প ইনচার্জ /স্থানীয় প্রতিনিধিদের উপস্থিতিতে রিলিফ বিতরন কার্যক্রম পরিচালনা পরিকল্পনা করা হয়েছে।মোট কার্যক্রম এর ২৫% হোষ্ট কমিউনিটির জন্যে বরাদ্দ/অর্ন্তভূক্ত করা হবে।
- ক্যাম্পে প্রশাসন কর্তৃক নির্ধারীত স্থানে ওয়াশ রুম ও মহিলা ও পুরুষদের পৃথক টয়লেট ক্লিনিং ও তাবু স্থাপন পরিকল্পনা করা হয়েছে।
- ক্যাম্পে মেডিকেল ক্যাম্প পরিচালনা পরিকল্পনা অর্ন্তভূক্ত করা হয়েছে।
- প্রশিক্ষণ প্রদান মায়ানমার ভাষায় ও প্রশিক্ষক ও অন্যান্য স্টাফ নিয়োগের ক্ষেত্রে হোষ্ট কমিউনিটি ও বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের থেকে মায়ানমার ভাষাভাষীদের প্রশিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হইবে।

৬. কার্যক্রমের মেয়াদকাল ঃ

ক. আরম্ভ করার তরিখ ঃ ৩০/০৬/২০২২ইং

খ. সমাপ্ত করার তারিখ ঃ ২৪/১২/২০২২ইং

৭. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্য দিন (ভবিষ্যতে পরিকল্পনাসহ যদি থাকে) ঃ

- জেলা প্রশাসন, কক্সবাজার ও আরআরআরসি এর নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্থ বলপূর্বক বিতাড়িত মিয়ানমান নাগরিকদের সেবা প্রদানের সুবিধার্থে শিক্ষা মূলক কার্যক্রম ও মহিলাদের জন্যে সেলাই প্রশিক্ষণ পরিচালনা করার পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে।

**ঘোষণা**

আমি এই মর্মে ঘোষণা করছি যে আমাদের দ্বারা সরবরাহকৃত উপরোক্ত বিবরণ সত্য এবং সঠিক। আমি/আমরা স্থানীয় প্রশাসনকে ত্রাণ কার্যক্রম এবং কর্মএলাকা সম্পর্কে অবহিত করে এবং স্থানীয় প্রশাসনের সাথে কার্যক্রম সমন্বয় করে কার্যক্রমের দ্বৈততা পরিহার করব। সংলগ্নী - ক ফরম ব্যবহার করে কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন সরবরাহ করব। আমি/আমরা কার্যক্রম সম্পন্ন হওয়ার ২ মাসের মধ্যে অডিট প্রতিবেদন এবং কার্যক্রম সম্পন্ন প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে অবহিত করব মর্মে ঘোষণা করছি।

নাম ঃ ড.সাইদ সাবরী রাগব আলী

স্বাক্ষর ঃ

কান্ট্রি ডিরেক্টর

তারিখ ঃ ২৩/০৬/২০২২ ইং

ড. সাঈদ সাবরী রাগব আলী
কান্ট্রি ডিরেক্টর

০৩/০৭/২০২২
মোঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

০৬/০৭/২০২২
সাজিয়া সিদ্দিকা সেতু
এসাইনমেন্ট অফিসার-৮